

PRINT

## সমবলে

# স্কুলছাত্রীকে ধর্ষণ শিবচরের সেই শিক্ষকের বিরুদ্ধে মামলা

১১ ঘন্টা আগে

শিবচর (মাদারীপুর) প্রতিনিধি



স্কুলছাত্রীকে ধর্ষণের অভিযোগে শিবচরের উমেদপুর উচ্চ বিদ্যালয়ের শিক্ষক রবিউল ইসলামের বিরুদ্ধে মামলা করেছেন ওই ছাত্রীর মা। সোমবার রাতে শিবচর থানায় মামলাটি দায়ের হয়। তবে শিক্ষক রবিউল এক মাস ধরে পলাতক।

একাধিক সূত্রে জানা গেছে, উমেদপুর উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক রবিউল ইসলাম পঞ্চম ও অষ্টম শ্রেণিতে

বৃত্তিপ্রাণ ওই ছাত্রীকে প্রাইভেট পড়ানোর সুযোগ নিয়ে ঘনিষ্ঠ সম্পর্ক তৈরি করে। অষ্টম শ্রেণিতে থাকাকালে রবিউল একদিন তার বাড়িতে ডেকে নিয়ে মেয়েটিকে ধর্ষণ করে ভিডিও করে রাখে। এরপর থেকে ভিডিও অন্যদের দেখানোর ভয় দেখিয়ে এবং বিয়ের প্রলোভনে মেয়েটিকে কয়েকবার ধর্ষণ করে রবিউল। পরে ঘটনাটি জানাজানি হলে আরও কয়েকজন

ছাত্রীর সঙ্গে রবিউলের অনৈতিক সম্পর্কের কথা প্রকাশ পায়। এ নিয়ে সমকালসহ কয়েকটি পত্রিকায় সংবাদ প্রকাশ হলে প্রশাসন ও শিবচর থানা পুলিশ তৎপর হয়। পরে পুলিশের সহায়তায় মেয়েটির মা সোমবার রাতে থানায় মামলা করেন।

ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোকনুজ্জামান বলেন, গণমাধ্যমে সংবাদটি প্রচারের পর পুলিশ নিজ থেকেই সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে। তাদের তৎপরতাতেই দরিদ্র মেয়েটির মা মামলা করার সাহস

পেয়েছেন। শিক্ষক রবিউলের জন্য আমাদের শিক্ষা ব্যবস্থাই কলুষিত হয়েছে। দ্রুত গ্রেফতারের মাধ্যমে তার দৃষ্টান্তমূলক শাস্তি চাই।

শিবচর থানার ওসি জাকির হোসেন বলেন, মেয়েটি যে তথ্য দিয়েছে তা লোমহৰ্ষক। ঘটনাটি জানাজানি হয়ে গেলে মেয়েটি ট্রিমায় আক্রান্ত হয়। পরে আমিসহ পুলিশের অন্যান্য কর্মকর্তা দীর্ঘ সময় মেয়েটিকে কাউন্সেলিংয়ের মাধ্যমে স্বাভাবিক করার চেষ্টা করি। যত দ্রুত সম্ভব ওই শিক্ষককে গ্রেফতার করে আইনের আওতায় আনা হবে বলে জানান ওসি।

---

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)